# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়:বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২,০০০-৫৩০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃত্যকলা বিভাগের ০১টি শূন্য ডেমনস্ট্রেটর পদ পূরণের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ যেকোনো বিষয়ে স্নাতকোত্তর পাশ হতে হবে। নৃত্যে সংগত করার জন্য প্রার্থীকে তালযন্ত্রে (পুং) পারদর্শী হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে (পুং) প্রতিষ্ঠান/গুরু কর্তৃক প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। শিক্ষাগত যোগ্যতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সনদসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর হতে হবে। অভ্যন্তীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) প্রস্ত দরখাস্ত আগামী ৩০-০৬-২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩.নং কক্ষে) নিকট পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।